# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৭১

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (كتاب الاستئذان)

পরিচ্ছেদঃ ৫. এক মুসলিমের উপর অপর মুসলিমের হাক্ব (অধিকার)

باب فِي حَقِّ الْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ عَنْ إِسْرَائِيلَ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ الْحَارِثِ عَنْ عَلِيٍّ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِلْمُسْلِمِ عَلَى الْمُسْلِمِ سِتٌّ يُسَلِّمُ عَلَيْهِ إِذَا لَقِيَهُ وَيُشَمِّتُهُ إِذَا عَطَسَ وَيَعُودُهُ إِذَا مَرِضَ وَيُجِيبُهُ إِذَا دَعَاهُ وَيَشْهَدُهُ إِذَا تُوُفِّيَ وَيُحِبُّ لَهُ مَا يُحِبُّ لِنَفْسِهِ وَيَنْصَحُ لَهُ بِالْغَيْبِ

বাংলা

২৬৭১. আবু হুরাইরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ “মুসলিমের প্রতি মুসলিমের হক ছয়টি (সেগুলো হলোঃ) তার সঙ্গে সাক্ষাৎ হলে তাকে সালাম করবে; সে হাঁচি দিয়ে (আলহামদু লিল্লাহ বললে) তার জন্য সে (ইয়ারহামুকাল্লাহ বলে) রহমতের দুআ করবে; সে অসুস্থ হলে সে তার সেবা- শুশ্রুষা করবে; তাকে আহবান করলে সে তাতে সাড়া দেবে; সে মারা গেলে তার (জানাযায়) উপস্থিত হবে, সে তার জন্য তা-ই পছন্দ করবে, যা সে নিজের জন্য পছন্দ করবে এবং তার অনুপস্থিতিতে তার কল্যাণ কামনা করবে।”[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪৩৫ তে এবং সেখানে আমি নিজে তাহক্বীক্ব করার পূর্বে অন্যান্যদের অনুসরণে হারিছকে যয়ীফ বলেছি।

এছাড়াও, খতীব, তারীখ বাগদাদ ৭/৪৮।

এর শাহিদ হাদীস রয়েছে আবূ হুরাইরা হতে সহীহ মুসলিম, সালাম ২১৬২ তে, আমরা যার পূর্ণ তাখরীজ দিয়েছি

সহীহ ইবনু হিব্বান নং ২৪২ তে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82956

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন